দৈনিক জনকণ্ঠ

22 MAY 2016
তারিখ ... 22 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

এসএসসি পরীক্ষা

# ফরিদপুরে খাতা পুনর্মূল্যায়নের দাবিতে মানববন্ধন

**নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ২১ মে ॥** 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ের কারণে গোল্ডেন জিপিএ পাঁচ থেকে বঞ্চিত সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও জিলা স্কুলের শিক্ষার্থীরা ওই বিষয়ের খাতা পুনর্মূল্যায়নের দাবিতে মানববন্ধন করেছে। শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে প্রবল বৃষ্টিপাত ও বাতাসকে উপেক্ষা করে ফরিদপুর প্রেসক্লাবের সামনে মুজিব সড়কে এ কর্মসূচী পালন করা হয়।

মানববন্ধনের ব্যানারে লেখা ছিল, 'এ বছর এসএসসি পরীক্ষায় একটি বিষয়ের খাতা সঠিকভাবে মূল্যায়র না হওয়ায় গোল্ডেন জিপিএ পাঁচ থেকে বঞ্চিত হয়েছে ফরিদপুরের দুই শতাধিক শিক্ষার্থী। এ ঘটনার তদন্ত ও পরীক্ষার খাতা পুনর্মূল্যায়নের দাবিতে ঢাকা বোর্ডের চেয়ারম্যানের কাছে আকুল আবেদন জানিয়ে মানববন্ধনে। আয়োজনে গোল্ডেন জিপিএ পাঁচ বঞ্চিত ফরিদপুরের শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ।'

সরকারী বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী ঐশী মিত্র ও আসিয়া আনজুম ফোয়ারা জানান, তারা প্রত্যেক বিষয়ে জিপিএ পাঁচ পেলেও অপেক্ষাকৃত সহজ বিষয় 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' এ জিপিএ পাঁচ না পাওয়ায় তারা গোল্ডেন জিপিএ পাঁচ থেকে বঞ্চিত হয়েছে। এ ঘটনায় তারা মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে।

সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেলা রানী সরকার বলেন, অনেক মেধাবী ছাত্রী গোল্ডেন জিপিএ পাঁচ থেকে বঞ্চিত হয়েছে। বিষয়টি খতিয়ে দেখার প্রয়োজন।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মাহবুবুর রহমান বলেন, পরীক্ষকদের সকলের মূল্যায়ন এক রকম হয় না। এ কারণে এ সমস্যা হতে পারে।